যুগান্তর

তারিখ 07 JUL 2015
পৃষ্ঠা ৭ কলাম ৫

রেজিস্টার্ড বেসরকারি প্রাইমারি স্কুল

# ২৭২ জনকে নিয়োগ প্রশ্নে হাইকোর্টের রুল

যুগান্তর রিপোর্ট

রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগ পরীক্ষায় উত্তীর্ণ প্যানেলের আরও ২৭২ জনকে নিয়োগের নির্দেশ কেন দেয়া হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। দুটি রিটের প্রাথমিক শুনানি নিয়ে বিচারপতি ফারাহ মাহবুব ও বিচারপতি কাজী মো. ইজারুল হক আকন্দের সমন্বয়ে গঠিত বেঞ্চ সোমবার এ রুল জারি করেন। সরকারের সংশ্লিষ্টদের চার সপ্তাহের মধ্যে এ রুলের জবাব দিতে বলা হয়েছে। রিটকারীদের পক্ষে আইনজীবী ছিলেন অ্যাডভোকেট মোহাম্মদ ছিদ্দিক উল্যাহ মিয়া এবং রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল আমাতুল করিম। এ নিয়োগের জন্য ২০১২ সালের ৯ এপ্রিল ৪২ হাজার ৬১১ জনের প্যানেল চূড়ান্ত করা হয়। চূড়ান্ত ফলটি উপজেলাভিত্তিক মেধাক্রম অনুসারে প্রকাশিত হয়। পরবর্তী সময়ে প্রাথমিক শিক্ষা অধিদফতর উপজেলার পরিবর্তে ইউনিয়নভিত্তিক নিয়োগের জন্য ফের ফলাফল প্রকাশ করে। এরপর নিয়োগ প্যানেল থেকে প্রথম দফায় প্রায় ৮ হাজার নিয়োগ দেয়া হয়। এ তালিকায় উত্তীর্ণদের পাঁচ বছরের মধ্যে নিয়োগ দেয়ার কথা। এরপর সরকার সব রেজিস্টার্ড স্কুলকে সরকারিকরণের ঘোষণা দিলে ওই প্যানেল থেকে নিয়োগ বন্ধ হয়ে যায়।

গত মাসে নিয়োগের জন্য নির্দেশনা চেয়ে প্যানেলভুক্ত খুলনার কয়রা থানার মারুফ বিল্লাহ, ঝিনাইদহ কালীগঞ্জ থানার কামরুন নাহার, কিশোরগঞ্জ জেলার পাকুন্দিয়া উপজেলার শামীমা আকতার, নরসিংদী জেলার সদর উপজেলার কাদের মোল্লা, নোয়াখালী জেলার হাতিয়া উপজেলার, সীমা রানী মজুমদার, মানিকগঞ্জ জেলার শিবালয় উপজেলার কামরুল হাসান, বগুড়া জেলার শেরপুর উপজেলার মোস্তফা কামাল, লক্ষীপুর জেলার সদর উপজেলার ফাতেমা বেগম, পটুয়াখালী জেলার বাউফল উপজেলার মাহিনুরসহ বিভিন্ন জেলার ২৭২ জন শিক্ষক হাইকোর্টে দুটি রিট করেন। দুটি রিটের শুনানি শেষে এ রুল জারি করেন।